

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
সাধারণ আদেশ

তারিখ : ০৫ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসেবে গণ্য করা।

নং ১১/মূসক/২০২২।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসাবে গণ্য করার লক্ষ্যে নিম্নোক্ত শর্ত ও পদ্ধতি নির্ধারণ করিল, যথা:—

(ক) যে সকল প্রতিষ্ঠান Bangladesh Mobile Financial Service (MFS) Regulation, 2022 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে “Mobile Financial Service (MFS)” প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছে কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে অনুরূপ সেবা প্রদানের উদ্দেশ্যে অনুমোদনপ্রাপ্ত এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত, সেই সকল মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠানের পক্ষে, তাহাদের মধ্যে সম্পাদিত চুক্তি বা সমঝোতা অনুযায়ী গ্রাহকের অনুকূলে অনলাইনে ইনভয়েস ইস্যু করিতে পারিবে, যাহা উক্ত আইন এর অধীন মূল্য সংযোজন কর চালানপত্র হিসাবে গণ্য হইবে;

(১৬৫০৯)

মূল্য : টাকা ৪.০০

- (খ) মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ “ছক-ক” এ বর্ণিত অথবা প্রযোজ্য ক্ষেত্রে, অতিরিক্ত তথ্যাদিসহ নিজস্ব ফরমেটে একটি অনলাইন ইনভয়েস জারি করিবে;
- (গ) মূল ইনভয়েস কেবলমাত্র একবার জারি করা যাইবে, তবে অনুলিপি মুদ্রণের প্রয়োজন হইলে উক্ত ক্ষেত্রে ইনভয়েসে “অনুলিপি” বা “Duplicate” বড় অক্ষরে মুদ্রিত থাকিতে হইবে;
- (ঘ) প্রতিটি ইনভয়েসে অর্থবছর ভিত্তিক সংখ্যানুক্রমিক নম্বর ও তারিখ থাকিতে হইবে;
- (ঙ) সংশ্লিষ্ট কমিশনার বা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীর ওয়েব পোর্টাল, সফটওয়্যার এবং অন্যান্য সকল ধরনের দলিলাদি পরীক্ষা করিতে পারিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

ছক-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

বিদ্যুৎ বিলের বিপরীতে MFS কর্তৃক জারীকৃত ইনভয়েস
(ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) দ্রষ্টব্য)

মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম :
মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ঠিকানা :
মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিআইএন :
ইনভয়েস নং : জারির তারিখ ও সময় :
বিদ্যুৎ বিতরণকারীর নাম : গ্রাহকের নাম :
বিদ্যুৎ বিতরণকারীর বিআইএন : গ্রাহকের বিআইএন :
ঠিকানা : গ্রাহকের ঠিকানা :
বিল পরিশোধের মাস :

ক্রমিক নং	গ্রাহকের নাম	লেনদেনের নম্বর	লেনদেনের তারিখ	গ্রাহকের হিসাব/ মিটার নম্বর	বিলের পরিমাণ (টাকা)	মূল্য সংযোজন করের হার	মূল্য সংযোজন করের পরিমাণ (টাকা)	মূল্য সংযোজন করসহ পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
মোট								

* নোট: মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ৩৩ অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণকারী অনলাইন ইনভয়েসে উল্লিখিত পরিমাণ মুসক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে দায়বদ্ধ থাকবে।

(মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম) কর্তৃক জারীকৃত

এটি একটি কম্পিউটার জেনারেটেড অনলাইন ইনভয়েস বিধায় স্বাক্ষরের প্রয়োজন নেই।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ হাসমত আলী
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.